

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৫৩৪

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪১. ওয়াক্ত হওয়ার আগে আযান দেয়া

باب فِي الأَذَانِ قَبْلَ دُخُولِ الْوَقْتِ

আরবী

حَدَّ ثَنَا زُهَيْرُ بْنُ حَرْبٍ، حَدَّثَنَا وَكِيعٌ، حَدَّثَنَا جَعْفَرُ بْنُ بُرْقَانَ، عَنْ شَدَّادٍ، مَوْلَى عِيَاضِ بُنِ عَامِرٍ عَنْ بِلَالٍ، أَنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم قَالَ لَهُ " لَا تُؤذِّنْ حَتَّى يَسْتَبِينَ لَكَ الْفَجْرُ هَكَذَا " . وَمَدَّ يَدَيْهِ عَرْضًا

حسن

قَالَ أَبُو دَاؤُدَ شَدَّادٌ مَوْلَى عِيَاضٍ لَمْ يُدْرِكْ بِلَالاً

বাংলা

৫৩৪। বিলাল (রাঃ) সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ ভোরের আলো এরূপ প্রকাশ না পাওয়া পর্যন্ত তুমি আযান দিবে না। এই বলে তিনি তাঁর উভয় হাত (উত্তর ও দক্ষিন দিকে) প্রসারিত করলেন। [1]

হাসান।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, শাদ্দাদ (রহঃ) বিলাল (রাঃ)-এর সাক্ষাৎ পাননি।

English

Narrated Bilal:

The Messenger of Allah (ﷺ) said to Bilal: Do not call adhan until the dawn appears clearly to you in this way, stretching his hand in latitude.



Abu Dawud said: Shaddad did not see Bilal.

ফুটনোট

[1] বায়হাকী 'সুনানুল কুবরা' (১/৩৭৪) এবং তিনি বলেছেন, এটি মুরসাল বর্ণনা। ইবনু 'আবদুর বার হাদীসটি 'আত-তামহীদ' গ্রন্থে (১০/৫৯-) বর্ণনা করে বলেন, এ হাদীস দ্বারা দলীল গ্রহণ করা যায় না এবং এটি দুর্বল ও বিচ্ছিন্ন সনদে বর্ণিত হওয়ায় একে উপমা হিসেবেও ব্যবহার করা যায় না। ইমাম আবূ দাউদও এটিকে দুর্বল বলেছেন শাদ্দাদ ও বিলালের মাঝে ইনকিতা হওয়ায়। শায়খ আলবানীর মতে বর্ণনাটি হাসান পর্যায়ের।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ বিলাল (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন